



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

মেমো নং : ডি.এম.এফ./প্রেস/১৮/২১

তাং-৩০/৫/২০২১

শ্রী অখিল গিরি,  
ভারপ্রাপ্ত মন্ত্রী,  
মৎস্য দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।

বিষয়ঃ অগ্রাধিকারের ভিত্তিতে মৎস্যভেড়রদের আশু টিকাকরণ

মাননীয় মহাশয়,

বিধানসভা নির্বাচনে বিপুল ও তাৎপর্যপূর্ণ জয় এবং মৎস্য দপ্তরের দায়িত্ব গ্রহণের জন্য দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে আপনাকে হার্দিক অভিনন্দন। করোনা অতিমারির মধ্যে সাইক্লোন ও জলোচ্ছ্বাসের আঘাতে বিপর্যস্ত মৎস্যজীবীদের সহায়তায় দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম যথাসাধ্য প্রচেষ্টা গ্রহণ করছে ও দপ্তরের সাথে সম্পূর্ণ সহযোগিতা করছে। এই প্রসঙ্গে একটি অত্যন্ত গুরুতর বিষয়ে আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

করোনা ভাইরাস সংক্রমণের ক্ষেত্রে মৎস্যকর্মীদের মধ্যে ক্ষুদ্র মৎস্য ভেড়ররা একটি অতি বিপন্ন জনগোষ্ঠী। প্রতিদিন তারা মাছ নিলাম কেন্দ্রগুলিতে, মাছ বাজারে বা মাছ বিক্রি করার জায়গায় গণ-সংযোগে লিপ্ত হয়। তাছাড়া গণ-পরিবহণে বা যৌথভাবে গাড়ি ভাড়া করে তারা অনেক দূর থেকে মাছ সংগ্রহ করে বিপণনের জায়গায় নিয়ে যায়। করোনা সতর্কতা বা নিষেধাজ্ঞা সত্ত্বেও তাই মৎস্য ভেড়ররা সংক্রামিত হওয়ার বা সংক্রমণ ছড়ানোর ক্ষেত্রে অধিকতর বেশি বিপজ্জনক অবস্থায় আছেন।

উপরোক্ত কারণে আমরা আপনার কাছে মৎস্য ভেড়রদের একটি অতি বিপন্ন জনগোষ্ঠী হিসেবে চিহ্নিত করতে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে মৎস্য ভেড়রদের অগ্রাধিকারের ভিত্তিতে আশু টিকাকরণের ব্যবস্থা করতে বলার আবেদন জানাচ্ছি।

আপনার বিশ্বস্ত,

প্রদীপ চ্যাটার্জী

সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মেমো নং : ডি.এম.এফ./প্রেস/১৮/২১/১(২)

তাং-৩০/৫/২০২১

অবগতি ও প্রয়োজনীয় কাজের জন্য প্রতিলিপি প্রেরণ করা হল -

১। মাননীয় প্রধান সচিব, মৎস্য দপ্তর;

২। মাননীয় অধিকর্তা, মৎস্য দপ্তর।

প্রদীপ চ্যাটার্জী

সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম